বিজ্ঞপ্তি নং- ৭৩ তারিখ: ০৩.০৮.২০২৩খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১০(২২৫) জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৮০১, তারিখ: ৩১.০৭.২০২৩ খ্রি. স্মারকমূলে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত নীতিমালার ভিত্তিতে দিনাজপুর সরকারি মহিলা কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে বি.এ ও বি.এস.এস কোর্সে ভর্তি করা হবে।

- ভর্তি বিষয়ক ওয়েবসাইট : **(www.nu.ac.bd/admissions)**
- আবেদন করার সময়কাল : ০২ আগস্ট ২০২৩ তারিখ থেকে ২৫ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত।
- ছাত্রীদের নির্ধারিত সময়ের মধ্যেই **Online (www.nu.ac.bd/admissions** অথবা **admissions.nu.edu.bd)** এ ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120x150 pixels. Image Type: jpg** এবং **maximum file size:50kb,** পূরণকৃত আবেদন ফর্ম **A4 (8.5"x11")** সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রার্থী ব্যতীত অন্য কারো ছবি প্রাথমিক আবেদনপত্রে আপলোড করলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল হবে।
- দিনাজপুর সরকারি মহিলা কলেজের হিসাব শাখা হতে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা **জনতা ব্যাংক, বাহাদুর বাজার, দিনাজপুর শাখায়** জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য **(Ward)** কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। আবেদন ফরম জমাদানের সময় সংশ্লিষ্ট সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- **ফরম জমাদান:**

  পূরণকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও টাকা জমা দেয়ার রশিদ, কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্রের ফটোকপিসহ ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।
- **আবেদনের ফরমসহ জমাদানের সময়সীমা: ০৩/০৮/২০২৩ হতে ২৬/০৮/২০২৩ সকাল ১০.০০টা হতে বেলা ২.০০টা পর্যন্ত।**
- **জামাদানের স্থান: মো: জামিউল ইসলাম, অফিস সহায়ক, গণিত বিভাগ, বিজ্ঞান ভবন (দো-তলা)।**

**বিশেষ দ্রষ্টব্য:**

- একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থী কর্তৃক ভর্তি ফরমে প্রদত্ত ভুল মোবাইল নম্বর/তথ্য সরবরাহের জন্য ভর্তি বাতিলসহ যে কোন ধরণের গৃহীত ব্যবস্থার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ডিগ্রি (পাস) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ অফিস অথবা রসায়ন বিভাগে যোগাযোগ করা যাবে।
- প্রয়োজনে যোগাযোগ করুন: ০১৭৩১৯২৬৩৩৮/০১৭১২৫৩৫৯৫২

প্রতিস্বাক্ষর

03.08.2023

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি মহিলা কলেজ
দিনাজপুর।

০৩/০৮/২০২৩

১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি/২০২২-২০২৩
দিনাজপুর সরকারি মহিলা কলেজ
দিনাজপুর।